



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

স্মারকনং-বশিবো/বিনি/এসএসসি/০৫(খন্ড)/২০১৭/২১৬৯

তারিখঃ ২১-০৮-২০১৭খ্রি:

বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের (এসএসসি পরীক্ষা-২০১৮) এর নিবন্ধন কার্ড গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের এই মর্মে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের (এসএসসি পরীক্ষা-২০১৮) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডের সম্মেলন কক্ষ (৪র্থ তলা) হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ক্ষমতাপ্রাপ্ত শিক্ষককে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল। নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল হলে ৫০০/- (পাঁচশত) টাকা এবং বিভাগ ভুল হলে ৮০০/- (আটশত) টাকার ডিডি/পে-অর্ডার দিয়ে আগামী ১০/০৯/২০১৭খ্রি: তারিখ থেকে ১৭/০৯/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত বিদ্যালয় নিবন্ধন শাখা থেকে সংশোধন করা যাবে (সংশোধনের জন্য প্রধান শিক্ষকের আবেদন এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীর নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষার ফলাফল শীট অবশ্যই সংযুক্ত থাকতে হবে)। তবে নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১x১ সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত করে বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে ছবি পরিবর্তন হয়ে গেলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন কার্ড বিতরণ না করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রমিক নং	জেলার নাম	চূড়ান্ত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	বার
০১	বরিশাল ও ঝালকাঠী	২৪/০৮/২০১৭	বৃহস্পতিবার
০২	ভোলা, পটুয়াখালী, বরগুনা ও পিরোজপুর	২৭/০৮/২০১৭	রবিবার


বি:দ্র:

(ক) নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রতিষ্ঠান নিবন্ধন কার্ড গ্রহণ করতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত টাকা) হারে ডিডি/পে-অর্ডার জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করতে পারবে।


(খ) নিবন্ধন কার্ড গ্রহণের জন্য আবেদনপত্রে অবশ্যই এসএসসি কেন্দ্রের নাম ও কোড নং উল্লেখ করতে হবে।

(গ) নিবন্ধন কার্ড গ্রহণের জন্য সংযুক্ত নমুনা ফরমে আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল


২১.০৮.১৭

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি প্রাপ্ত ও

স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণ:

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা) (অধিক্ষেত্রাধীন সকল অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৩। পিএস টু চেয়ারম্যান, বশিবো।

০৪। সংরক্ষণ নথি।

(নিবন্ধন কার্ড গ্রহণ সম্পর্কিত আবেদনের নমুনা)

এসএসসি কেন্দ্রের নাম ও কোড নং

EIIN NO:

তারিখ:

বরাবর

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

বিষয়: ২০১৬-২০১৭ (এসএসসি-২০১৮) শিক্ষাবর্ষের নিবন্ধন কার্ড গ্রহণ প্রসঙ্গে।

মহাত্মন,

বিনীত নিবেদন এই যে, জেলার উপজেলাধীন
..... মাধ্যমিক বিদ্যালয়ের ২০১৮ সালের এসএসসি এর টি নিবন্ধন কার্ড
গ্রহণ করতে ইচ্ছুক।

অতএব, মহোদয় সমীপে আবেদন যাতে উল্লিখিত নিবন্ধন কার্ডসমূহ পেতে পারি তার
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের একান্ত মর্জি হয়।

প্রধান শিক্ষকের স্বাক্ষর, তারিখ ও

সীলমোহর

মোবাইল নং

(প্রধান শিক্ষকের প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য)

..... জেলার..... উপজেলাধীন মাধ্যমিক
বিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এসএসসি ২০১৮ এর মোট- টি নিবন্ধন কার্ড
হাতেহাতে গ্রহণ করার জন্য অত্র বিদ্যালয়ের..... শিক্ষক
জনাব.....
কে প্রাধিকার প্রদান করলাম।

ক্রমিক নং-	নাম	নমুনা স্বাক্ষর	সত্যায়িত
০১.			
০২.			
০৩.			

অতএব, উল্লিখিত বাহকের নিকট নিবন্ধন কার্ড সমূহ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে
মহোদয়ের একান্ত মর্জি হয়।

প্রধান শিক্ষকের স্বাক্ষর ও সীলমোহর
মোবাইল নং